উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

স্মারক নং-এলজিইডি/এসই(প্রশিক্ষণ ও মান নিয়ন্ত্রণ)/ (GAD) /জি-০১/২০১২ (অংশ-১)/ ২০০ তারিখ: ০৫/০৬/২০১৭ইং।

বিষয় : এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরামের ৩৮তম সভার কার্যবিবরণী।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর জেন্ডার ও উন্নয়ন ফোরামের ৩৮তম সভা গত ২৫ মে ২০১৭ইং, বিকাল ৩.৩০ ঘটিকায় এলজিইডি ভবন (লেভেল-০৪) এ অনুষ্ঠিত হয় উক্ত সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ আবুল কালাম আজাদ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন) এবং সভাপতি, এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরাম। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। সভায় সংশ্লিষ্ট উপস্থিতি অত্রসাথ সংযুক্ত (সংযুক্তি-০১)।

সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| আলোচ্য সূচি | আলোচনা ও সিদ্ধান্ত | দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ১। জেন্ডার সমতা বিষয়ক কর্মপরিকল্পনা ২০১৬-২০২১ মেয়াদে হালনাগাদকরণ। | জেন্ডার ও উন্নয়ন ফোরামের সভায় জনাব মোঃ আহসান হাবিব, প্রকল্প পরিচালক, সিআরডিপি, জেন্ডার সমতা বিষয়ক কর্মপরিকল্পনা ২০১৬-২০২১ মেয়াদে খসড়া হালনাগাদকৃত পল্লী উন্নয়ন, পানি সম্পদ উন্নয়ন ও নগর উন্নয়ন সেক্টর পাশাপাশি রেখে সেগুলির মধ্যে সংগতি পর্যবেক্ষণ করার নিমিত্তে এবং একইসাথে এলজিইডি'র সার্বিক সেক্টরের কর্মপরিকল্পনাও উপস্থাপন করেন। কর্মপরিকল্পনার প্রতিটি ক্ষেত্রে কিছু কিছু মতামত পাওয়া যায় সেগুলি সংশোধন করার জন্য অনুরোধ জানানো হয়। এছাড়াও ক্ষেত্র নং ৭, ৮ এবং ৯ অংশের ওপর সভায় পর্যালোচনা মোতাবেক Re-write করার সিদ্ধান্ত গৃহীত হয়, যা আগামী সর্বোচ্চ দুই সপ্তাহের মধ্যে সম্পাদন করে সভাপতি মহোদয় কর্মপরিকল্পনার চূড়ান্ত অনুমোদন ও মুদ্রনের জন্য নির্দেশনা প্রদান করেন পল্লী উন্নয়ন, পানি সম্পদ উন্নয়ন, নগর উন্নয়ন সেক্টর এবং সার্বিক কর্মপরিকল্পনার দায়িত্ব বন্টনসহ নির্দেশক, সময়কাল ঠিক করার জন্য জনাব সালমা শহীদ, প্রকল্প পরিচালক, আরইআরএমপি-II, জনাব মৌসুমী সালমিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, অন্তর্বর্তীকালীন পিএমইউ (জাইকা), ও সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এমজিএসপি'কে অনুরোধ জানানো হয়। অতঃপর বিভিন্ন কর্মপরিকল্পনার নির্দেশক, সময়কাল এবং দায়িত্ব বন্টনের বিষয়গুলো চুড়ান্তভাবে দেখে দেয়ার জন্য জনাব মোঃ আহসান হাবিব, প্রকল্প পরিচালক, সিআরডিপি'কে বিশেষভাবে অনুরোধ জানানো হয়। | প্রকল্প পরিচালক, সিআরডিপি; জনাব সালমা শহীদ, প্রকল্প পরিচালক, আরইআরএমপি-II; জনাব মৌসুমী সালমিন, সিনিয়র সহকারী প্রকৌশলী এবং জনাব সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী। |
| ২। জেন্ডার ও উন্নয়ন ফোরামের মাসিক সভা। | জেন্ডার ও উন্নয়ন ফোরামের মাসিক সভা করার ব্যাপারে সভাপতি মহোদয় গুরুত্ব আরোপ করেন। সভাটি জেন্ডার ও উন্নয়ন ফোরামের সদস্য প্রকল্প পরিচালকগণ, জেন্ডার ফোকাল পয়েন্ট ও জেন্ডার বিশেষজ্ঞগণের মধ্যে অনুষ্ঠিত হতে পারে বলে মত দেন। উক্ত সভায় পর্যায়ক্রমে প্রকল্প-পরিচালকগণ সভাপতিত্ব করবেন। মাসিক সভায় প্রকল্পভিত্তিক জেন্ডার কার্যক্রম ও জেন্ডার বিশেষজ্ঞদের কর্মদক্ষতা পর্যালোচনা করা হবে এবং জেন্ডার ও উন্নয়ন ইউনিটে কর্মরত কর্মকর্তাদের মাসিক কর্মপরিকল্পনা ও কার্যক্রম উপস্থাপন করা হবে। | জেন্ডার ও উন্নয়ন ইউনিটের কর্মকর্তাগণ। |
| ৩। তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও ব্যবস্থাপনা। | সভায় সভাপতি মহোদয় জেন্ডার ও উন্নয়ন ফোরামের আওতায় জেন্ডার বিষয়ক সকল তথ্য-উপাত্ত সংগ্রহ ও সংরক্ষণ করার জন্য একটি অভিজ্ঞ কোর গ্রুপ তৈরী করার নির্দেশনা দেন। প্রকল্প পরিচালক, সিআরডিপি জেন্ডার সমতা কৌশল ও কর্মপরিকল্পনার প্রতিটি সংশোধিত ও চূড়ান্ত মূদ্রিত এবং Soft Copy জেন্ডার ফোরামের অফিসে সংরক্ষণের মতামত দেন। এলজিইডি'র সকল প্রকল্পের জেন্ডার সংক্রান্ত তথ্য-উপাত্ত জেন্ডার ফোরামে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও এলজিইডি | জেন্ডার ও উন্নয়ন ইউনিটের কর্মকর্তাগণ। |

| | | |
|---|---|---|
| | কর্তৃক প্রকাশিত নিউজলেটার এর বাংলা ও ইংরেজী উভয় ভার্সনের মূদ্রিত ও Soft Copy সংগ্রহ এবং সংরক্ষণের জন্য বলা হয়। | |
| ৪। ওয়েব বেস্‌ড অ্যাপ্লিকেশন তৈরী | জেন্ডার ও উন্নয়ন ফোরামের বার্ষিক কর্মপরিকল্পনা ভিত্তিক ওয়েব বেস্‌ড অ্যাপ্লিকেশন (অনলাইন) তৈরী করণ এবং সেই অনুযায়ী কার্যপ্রণালী মনিটরিং করার জন্য প্রকল্প পরিচালক, পিএসএসডব্লিউআরএসপি এর দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি জানান, অতি শীঘ্রই এটি তৈরীর কাজ সম্পন্ন করে পরবর্তী সভায় উপস্থাপন করা হবে। | প্রকল্প পরিচালক পিএসএসডব্লিআরএসপি। |
| ৫। বিবিধ | এলজিইডি'র সদর দপ্তর পর্যায়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি অভ্যন্তরীণ পর্যবেক্ষণ কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত কমিটি কর্মক্ষেত্রে নারীদের শারীরিক, মানসিক, যৌন নিপীড়ন ইত্যাদি পর্যালোচনাপূর্বক উপযুক্ত ব্যবস্থা গ্রহণের সুপারিশ সভাপতি, জেন্ডার ও উন্নয়ন ফোরাম'কে জানাবে। সভায় জেন্ডার ও উন্নয়ন ফোরামে কর্মরত কর্মকর্তাদের সেক্টরভিত্তিক দায়িত্ব বন্টনের মাধ্যমে কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্প ভিত্তিক বিভিন্ন ক্ষেত্রে আত্মনির্ভরশীল নারীদের জীবনী সংগ্রহ করে সংরক্ষণ ও নিউজলেটারে প্রকাশের জন্য নির্দেশনা দেওয়া হয়। এছাড়াও সভাপতি মহোদয় এলজিইডি'র ডিজাইন ইউনিটকে RTIP-II প্রকল্প এর Fixed item রিভিউ করে প্রয়োজনে LGED'র Rate schedule এ অন্তর্ভুক্ত করার ব্যাপারে আলোচনা করে দেখা যেতে পারে বলে সুপারিশ করেন। | |

সভায় আলোচনার আর কোন বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবুল কালাম আজাদ)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন)
এবং
সভাপতি
এলজিইডি জেন্ডার ও উন্নয়ন ফোরাম।

বিতরণ: ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা ও মাননিয়ন্ত্রণ), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী , আইডব্লিউআরএম (ওএন্ডএম) ইউনিট, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশিক্ষণ), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিইডিপি-III), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
৮। প্রকল্প পরিচালক, এমডিএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
৯। প্রকল্প পরিচালক, এইচএফএমএলআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১০। প্রকল্প পরিচালক, ইউজিআইআইপি-III, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১১। প্রকল্প পরিচালক, সিআরডিপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১২। প্রকল্প পরিচালক, এসআরআইআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৩। প্রকল্প পরিচালক, আরটিআইপি-II, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৪। প্রকল্প পরিচালক, এইচআইএলআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৫। প্রকল্প পরিচালক, পিএসএসডব্লিউআরএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৬। জনাব সালমা শহীদ, প্রকল্প পরিচালক, আরইআরএমপি-II, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৭। জনাব সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এমজিএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৮। জনাব মৌসুমী সালমিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, অন্তর্বর্তীকালীন পিএমইউ, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন) এবং সভাপতি, জেন্ডার ও উন্নয়ন ফোরাম, ঢাকা-১২০৭।